Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/ ৩০৪ তারিখঃ ২৮/১২/২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ স্থল কাস্টমস স্টেশনের মাধ্যমে ভারত, নেপাল ও ভুটানের সঙ্গে বাণিজ্যের ক্ষেত্রে আমদানিকৃত ও রপ্তানিতব্য পণ্যের তালিকা প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ৩৬৮-আইন/২০২২/১৩৯/কাস্টমস, তারিখ: ১৩/১২/২০২২।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ৩৭-আইন/২০২২/৫৩/কাস্টমস, তারিখ: ১৬/০২/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা সকলেই অবগত আছেন যে, ভারত হতে বস্ত্র ও তৈরি পোশাক খাতের জন্য প্রয়োজনীয় কাঁচামাল (যেমন: সুতা, তুলা, যন্ত্রপাতি ও অন্যান্য আনুষাঙ্গিক দ্রব্যাদি) আমদানি ও তৈরি পোশাক রপ্তানি কার্য সম্পাদনের জন্য আমাদেরকে বেলাপোল স্থল বন্দরের উপর নির্ভরশীল থাকতে হতো। যার কারণে আমদানিকৃত পণ্য ছাড়করণ ও রপ্তানি কার্য সম্পাদনের ক্ষেত্রে সময়ক্ষেপনসহ নানা হয়রানির সম্মুখীন হতে হয়।

ভারতসহ অন্যান্য প্রতিবেশী দেশের সাথে আমদানি-রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন ও জটিলতা হতে পরিত্রানের জন্য বেনাপোল বন্দরের পাশাপাশি অন্যান্য স্থল বন্দর যেমন: ভোমরা, সোনামসজিদ, দর্শনা, বাংলাবন্ধাসহ অন্যান্য বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্য সম্পাদনের অনুমতি প্রদানের নিমিত্তে আমরা দীর্ঘদিন যাবৎ জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করি এবং বিভিন্ন সভায় মিলিত হই।

বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' এস.আর.ও জারীর মাধ্যমে বস্ত্র ও তৈরি পোশাক খাতের প্রয়োজনীয় কাঁচামাল আমদানি ও সকল প্রকার রপ্তানি কার্য সম্পাদনের জন্য বেনাপোল স্থল বন্দরের পাশাপাশি অন্যান্য বিভিন্ন স্থল বন্দরকে অনুমোদন দেয়া হয়েছে। আপনাদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংশ্লিষ্ট এস.আর.ও সমূহ সংযুক্ত করা হলো।

সংশোধিত এস.আর.ও এর মাধ্যমে অনুমোদিত সকল স্থল বন্দরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা হলে ভারতসহ প্রতিবেশী অন্যান্য দেশের সাথে দ্রুততার সাথে স্বল্প সময় ও ব্যয়ে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদন করতে পারবো বলে আমরা দৃঢ় বিশ্বাসী।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ২১, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৬৮-আইন/২০২২/১৩৯/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 9(c) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩৭-আইন/২০২২/৫৩/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিল-১ এর—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

সুতা (কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানীয় সুতা ব্যতীত) ও গুঁড়া দুধ ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(খ) ক্রমিক নং ৪ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ব্যবহার্য কাঁচাতুলা, চাল, মসুর


**মূল্য :** টাকা ১২.০০

ডাল, কোয়ার্টজ, তাজা ফুল, খৈল, গমের ভুসি, ভুট্টা, চাউলের গুঁড়া, সয়াবিন কেক, শুঁটকি মাছ (প্যাকেটজাত ব্যতীত), হলুদ, জীবন্ত মাছ, হিমায়িত মাছ, পান, মেথি (Fenugreek seeds), মাছ, চিনি, মসলা, জিরা, মোটর পার্টস, স্টেইনলেস স্টিলওয়্যার, রেডিও ও টিভি পার্টস, মার্বেল স্ল্যাব, তামাক ডাঁটা (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয়), শুকনা তেঁতুল, ফিটকিরি, Aluminium এর Tableware ও Kitchenware, Fishfeed, আগরবাতি, জুতার সোল, শুকনা কুল, Adhesive, ফ্লাই অ্যাশ, তাজা ও শুকনা ফলমূল, সকল প্রকার তাজা সবজি, শুকনা মরিচ, কাঁচা মরিচ, ধনে, সকল প্রকার খৈল, ফায়ার ক্লে, থান ক্লে, স্যান্ড স্টোন, মার্বেল চিপস, ডলোমাইট, ফ্লোগোফাইট, ট্যালক, পটাশ ফেলসপার, গ্রানুলেটেড স্ল্যাগ, সোডা পাউডার, তিল, সরিষা, রেডিমেড গার্মেন্টস, ইমিটেশন জুয়েলারি, সুপারি, হার্ডওয়্যার, গ্রানাইট স্ল্যাব, তুলা, সুতা, গাড়ির চ্যাসিস, প্রকল্পের যন্ত্রপাতি, কৃষি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, কিসমিস, এলাচ, গোল মরিচ, লবঙ্গ, বিট লবণ, তেঁতুলের বিচি ও জিপসাম।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(গ) ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, চাল, ভুসি, ভুট্টা, বিভিন্ন প্রকার খৈল, পোল্ট্রি ফিড, ফ্লাই অ্যাশ, রেলওয়ে স্লিপার, বিল্ডিং স্টোন, রোড স্টোন, স্যান্ড স্টোন, বিভিন্ন প্রকার ক্লে, গ্রানুলেটেড স্ল্যাগ, জিপসাম, স্পঞ্জ আয়রন, পিগ আয়রন, ক্লিংকার, কোয়ার্টজ, ডাল, কাঁচা তুলা, তুলার বেল ও প্রকল্পের যন্ত্রপাতি।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।

[দ্রষ্টব্য : অবকাঠামো উন্নয়ন না হওয়া পর্যন্ত কেবল রেলপথে আমদানি-রপ্তানি করিতে পারিবে।]";

(ঘ) ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, গুঁড়া দুধ, জুস, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ঙ) ক্রমিক নং ১২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, Fly Ash, Lime Stone, Sand Stone, Road Stone, Dry Fish, Maize, Rape Seed Extract, Soyabean Oil, Soyabean Extract, Dry Oil Rice Bran (DORB) এবং Deboiled Cake (পশু খাদ্য)।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(চ) ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত) এবং নেপালে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (আলু ব্যতীত);

(খ) ভারত থেকে ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, মাছ, সুতা (কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানীয় সুতা ব্যতীত), আলু (HS Code 0701.90.19 ও 071.90.29), জুস, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমাদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, মোটর পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটারিওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেব্রিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য ।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ছ) ক্রমিক নং ১৮ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, রেলওয়ে স্লিপার, পেট্রোলিয়াম পণ্য (যেমন-ডিজেল), প্রাকৃতিক বালু ও নুড়ি পাথর।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(জ) ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমাদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটারিওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেব্রিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য ।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ঝ) ক্রমিক নং ২০ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) পাথর, কয়লা, তাজা ফল, ভুট্টা, গম, চাল, ডাল, রসুন, আদা, পেয়াজ, খৈল, টিম্বার, বীজ, শিলপাটা, সুপারি, ফ্লাই অ্যাশ, কাঁচা তুলা, তেঁতুলের বিচি, ভুসি, মরিচ ও মসলা।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ঞ) ক্রমিক নং ২২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, কাঁচা তুলা, চাল, গমের ভুসি ও ফ্লাই অ্যাশ।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ট) ক্রমিক নং ২৩ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ঠ) ক্রমিক নং ২৪ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ।

২। **রপ্তানিযোগ্য পণ্য :**

সকল পণ্য।";

(ড) ক্রমিক নং ২৬ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্য :**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, শুঁটকি মাছ, সুপারি ও ফ্লাই অ্যাশ।

২। **রপ্তানিযোগ্য পণ্য:**

সকল পণ্য।";

(ঢ) ক্রমিক নং ২৭ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদিপশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফুল ঝাড়ু, ডাব, হলুদ, কাজুবাদাম, তেঁতুল, তিল, সরিয়া ভুসি ও চাউলের কুড়া।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(ণ) ক্রমিক নং ২৮ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদিপশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফুল ঝাড়ু, ডাব, হলুদ, কাজুবাদাম, তেঁতুল, তিল, সরিয়া ভুসি ও চাউলের কুড়া।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(ত) ক্রমিক নং ৩৫ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

(ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল ও গবাদি পশু।

"২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(থ) ক্রমিক নং ৩৬ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, রাবারের স্যান্ডেল, শুঁটকি মাছ, তাজা ফুল ও বাঁশ।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(দ) ক্রমিক নং ৩৭ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, তাজাফুল, মোটর সাইকেলের যন্ত্রাংশ (টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ), গার্মেন্টস সামগ্রী, ওয়েল্ডিং রড, শুঁটকি মাছ ও ভুট্টা।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(ধ) ক্রমিক নং ৪২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদিপশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, শুঁটকি মাছ, সাতকরা, আগরবাতি, জিরা, রাবার (raw), মেইজ, stones boulder, সয়াবিন বীজ, Bamboo Products, Arjun Flower (Broom), পান, CNG spare parts, কাজু বাদাম, কাগজ, চিনি, জেনারেটর, ভাঙ্গা কাঁচ, চকোলেট, বেবি ওয়াইপার, কনফেকশনারি দ্রব্যাদি, বিটুমিন, পান, টমেটো, মেথি (Fenugreek seeds), শুকনা তেঁতুল, শুকনা কুল, ফ্লাই অ্যাশ, সকল প্রকার খৈল, ফায়ার ক্লে, থান ক্লে, মার্বেল চিপস, তিল, সরিষা, সুপারি, স্ক্র্যাপ অ্যান্ড ওয়েস্ট (আয়রন/স্টিল) ও গ্রানাইট স্ল্যাব।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(ন) ক্রমিক নং ৪৩ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, পান, CNG spare parts, শুঁটকি মাছ, কাঁচা চামড়া, বিভিন্ন প্রকার মসলা, জিরা, ভুট্টা, সাতকরা, আগরবাতি, Arjun Flower (Broom), কাজু বাদাম, কাগজ, চিনি, জেনারেটর, ভাঙ্গা কাঁচ, চকোলেট, বেবি ওয়াইপার, কনফেকশনারি দ্রব্যাদি, বিটুমিন, সয়াবিন বীজ ও প্রাকৃতিক বালু।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।";

(প) ক্রমিক নং ৪৯ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **আমদানিযোগ্য পণ্যঃ**

(ক) ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফ্লাই অ্যাশ, প্লাগ, জিপসাম, ক্লিংকার, স্ল্যাগ ও কাঁচা তুলা।

২। **রপ্তানিযোগ্য পণ্যঃ**

সকল পণ্য।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৭-আইন/২০২২/৫৩/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 9 এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত section এর—

(ক) clause (b) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত তফসিল-১ ও তফসিল-২ এর কলাম (১) এ উল্লিখিত ক্রমিক এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত স্থানসমূহকে এতদ্দ্বারা স্থল কাস্টমস স্টেশন (Land Customs-Station) হিসাবে ঘোষণা করিল; এবং

(খ) clause (c) এর উদ্দেশ্য পূরণকল্পে, দফা (ক) এর অধীন ঘোষিত নিম্নবর্ণিত তফসিল-১ ও তফসিল-২ এর কলাম (১) এ উল্লিখিত ক্রমিক এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত কাস্টমস স্টেশনসমূহের মাধ্যমে কলাম (৪) এ নির্দিষ্টকৃত পণ্যসমূহকে ভারত বা মায়ানমার সীমান্ত পর্যন্ত নির্গমন অথবা ভারত বা মায়ানমার সীমান্ত হইতে উক্ত কাস্টমস স্টেশনসমূহের মাধ্যমে বাংলাদেশে প্রবেশের উদ্দেশ্যে কলাম (৩) এ উল্লিখিত স্থলপথ বা অভ্যন্তরীণ জলপথকে এতদ্দ্বারা রুট (route) হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-১**

| ক্রমিক নং | স্থানসমূহ | স্থলপথ/জলপথ | পণ্যের তালিকা (আমদানি বা রপ্তানিতব্য) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বেনাপোল<br>উপজেলা : শার্শা,<br>জেলা : যশোর | বেনাপোল-পেট্রাপোল সড়ক ও রেলপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>সুতা (কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী নিট পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক |



মূল্য : টাকা ২৪.০০

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | | বন্ড লাইসেন্সের আওতায় আমদানীয় সুতা ব্যতীত) ও গুঁড়া দুধ ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২। | রায়মঙ্গাল (আংটিহারা/ শেখবাড়িয়া)<br>উপজেলা : কয়রা,<br>জেলা : খুলনা | কোলকাতা-হলদিবাড়ী-রায়মঙ্গাল নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৪/ডি/কাস/৭২, তারিখ : ২৯-০৪-৭২ এর টেবিলের পার্ট-VI এর অধীনে সুনির্দিষ্টকৃত ওজনের মালামাল এবং প্যাসেঞ্জার ব্যাগেজ (Passengers baggages)।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩। | খুলনা<br>উপজেলা : দৌলতপুর,<br>জেলা : খুলনা | কোলকাতা-হলদিবাড়ী-রায়মঙ্গাল-খুলনা নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত কেবল নিম্নবর্ণিত শ্রেণির আমদানিতব্য পণ্য, যথা :–<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফ্লাই অ্যাশ, স্ল্যাগ, জিপসাম, ক্লিংকার ও ভুট্টা।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪। | ভোমরা<br>উপজেলা : সাতক্ষীরা সদর,<br>জেলা : সাতক্ষীরা | ভোমরা-ঘোজাডাঙ্গা সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ব্যবহার্য |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | | কাঁচাতুলা, চাল, মসুর ডাল, কোয়ার্টজ, তাজা ফুল, খৈল, গমের ভুসি, ভুট্টা, চাউলের গুঁড়া, সয়াবিন কেক, শুঁটকি মাছ(প্যাকেটজাত ব্যতীত), হলুদ, জীবন্ত মাছ, হিমায়িত মাছ, পান, মেথি (Fenugreek seeds), মাছ, চিনি, মসলা, জিরা, মোটর পার্টস, স্টেইনলেস স্টিলওয়্যার, রেডিও ও টিভি পার্টস, মার্বেল স্ল্যাব, তামার ডাঁটা (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয়), শুকনা তেঁতুল, ফিটকিরি, Aluminum এর Tableware ও Kitchenware, Fish feed আগরবাতি, জুতার সোল, শুকনা কুল, Adhesive, ফ্লাই অ্যাশ, তাজা ও শুকনা ফলমূল, সকল প্রকার তাজা সবজি, শুকনা মরিচ, কাঁচা মরিচ, ধনে, সকল প্রকার খৈল, ফায়ার ক্লে, থান ক্লে, স্যান্ড স্টোন, মার্বেল চিপস, ডলোমাইট, ফ্লোগোফাইট, ট্যালক, পটাশ ফেলসপার, গ্রানুলেটেড স্ল্যাগ, সোডা পাউডার, তিল, সরিষা, রেডিমেড গার্মেন্টস, ইমিটেশন জুয়েলারি, সুপারি, হার্ডওয়্যার ও গ্রানাইট স্ল্যাব।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৫। | দর্শনা<br>উপজেলা :<br>দামুড়হুদা,<br>জেলা : চুয়াডাঙ্গা | দর্শনা-গ্যেদে<br>রেলপথ ও সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, চাল, ভুসি, ভুট্টা, বিভিন্ন প্রকার খৈল, পোল্ট্রি ফিড, ফ্লাই অ্যাশ, রেলওয়ে স্লিপার, বিল্ডিং স্টোন, রোড স্টোন, স্যান্ড স্টোন, বিভিন্ন প্রকার ক্লে, গ্রানুলেটেড স্ল্যাগ, জিপসাম, স্পঞ্জ আয়রন, পিগ আয়রন, ক্লিংকার, কোয়ার্টজ, ডাল, কাঁচা তুলা ও তুলার বেল।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য।<br>[**দ্রষ্টব্য :** অবকাঠামো উন্নয়ন না হওয়া পর্যন্ত কেবল রেলপথে আমদানি-রপ্তানি করিতে পারিবে।] |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৬। | দৌলতগঞ্জ<br>উপজেলা : জীবননগর,<br>জেলা : চুয়াডাঙ্গা | দৌলতগঞ্জ-মাজদিয়া রোড সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৭। | মুজিবনগর<br>(বৈদ্যনাথ তলা)<br>উপজেলা : মুজিবনগর,<br>জেলা : মেহেরপুর | স্বাধীনতা সড়ক (মেহেরপুর-মুজিননগর-চাপড়া-কৃষ্ণনগর সড়ক) সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৪/ডি/কাস/৭২, তারিখ : ২৯-০৪-৭২ এর টেবিলের পার্ট-VI এর অধীনে সুনির্দিষ্টকৃত ওজনের মালামাল এবং প্যাসেঞ্জার ব্যাগেজ (Passengers baggages) ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য।<br>[দ্রষ্টব্য : অবকাঠামো উন্নয়ন না হওয়া পর্যন্ত কেবল যাত্রী চলাচল করিতে পারিবে।] |
| ৮। | সুলতানগঞ্জ/প্রেমতলী, গোদাগাড়ী<br>উপজেলা: গোদাগাড়ী,<br>জেলা : রাজশাহী | গোদাগাড়ী-সুলতানগঞ্জ-মায়া-ধুলিয়ান নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৯। | রাজশাহী<br>উপজেলা : রাজশাহী সদর,<br>জেলা : রাজশাহী | রাজশাহী-গোদাগাড়ী-সুলতানগঞ্জ-মায়া-ধুলিয়ান নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১০। | সিরাজগঞ্জ<br>উপজেলা : সিরাজগঞ্জ সদর,<br>জেলা : সিরাজগঞ্জ | (ক) ধুবড়ী-নুনখাওয়া-চিলমারী-বাহাদুরাবাদ-সিরাজগঞ্জ নৌ রুট;<br>(খ) কোলকাতা-হলদিবাড়ি-রায়মঙ্গল-সিরাজগঞ্জ নৌ-রুট;<br>(গ) ধুলিয়ান-মায়া-গোদাগাড়ি-রাজশাহী-সিরাজগঞ্জ নৌ-রুট;<br>(ঘ) পেট্রাপোল-বেনাপোল-সিরাজগঞ্জ রেল রুট;<br>(ঙ) গ্যেদে-দর্শনা-সিরাজগঞ্জ রেল রুট; | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত কেবল নিম্নবর্ণিত শ্রেণির আমদানিতব্য পণ্য, যথা :—<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ডিজেল (বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক আমদানিতব্য) ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১১। | সোনা মসজিদ<br>উপজেলা : শিবগঞ্জ,<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ-সোনামসজিদ-মহদিপুর, মালদা সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, সুতা, গুঁড়া দুধ, জুস, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১২। | রহনপুর<br>উপজেলা : গোমস্তাপুর,<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | রহনপুর-সিংগাবাদ রেল রুট ও সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ : ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত); |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | | (খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, Fly Ash, Lime Stone, Sand Stone, Road Stone, Dry fish, Maize, Rape Seed Extract, Soyabean Oil, Soyabean Extract, Dry Oil Rice Bran (DORB), এবং Deboiled Cake (পশু খাদ্য)।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১৩। | আমনুরা রেলস্টেশন<br>উপজেলা :<br>চাঁপাইনবাবগঞ্জ সদর,<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | রেল রুট ভায়া রহনপুর | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, কাঁচা সুপারি, চাল, শুঁটকি মাছ, তেঁতুল, বাঁশ, পান, মসুর ডাল, ভুট্টা, গমের ভুসি, তেজপাতা, হলুদ, গোল মরিচ, টমেটো, শুকনা কুল এবং জিরা।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১৪। | ধামইরহাট<br>উপজেলা: ধামইরহাট,<br>জেলা : নওগাঁ | ধামইরহাট-বালুরঘাট রোড সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১৫। | হিলি<br>উপজেলা : হাকিমপুর,<br>জেলা : দিনাজপুর | হিলি (বাংলাদেশ) হইতে হিলি (ভারত) সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, সুতা, গুঁড়া দুধ, জুস, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৬। | বিরল<br>উপজেলা : বিরল<br>জেলা : দিনাজপুর | বিরল-রাধিকাপুর রেল ও সড়ক রুট | ১। আমদানিযোগ্য পণ্য :<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, Soyabean Extract, Rape Seed Extract, Maize, DORB (Dry Oil Rice Bran). চাল ও ডিজেল।<br>২। রপ্তানিযোগ্য পণ্য :<br>সকল পণ্য। |
| ১৭। | বাংলাবান্ধা<br>উপজেলা : তেতুলিয়া,<br>জেলা : পঞ্চগড় | বাংলাবান্ধা রোড, তেতুলিয়া-ফুলবাড়ি, শিলিগুড়ি সড়ক পথ | ১। আমদানিযোগ্য পণ্য :<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখঃ ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত) এবং নেপালে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য ও বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত এক্রাইলিক সুতা (অন্যান্য সুতা ও আলু ব্যতীত)।<br>(খ) ভারত থেকে ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, মাছ, সুতা, আলু (HS Code 0701.90.19 ও 0701,90.29), জুস, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, মোটর পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটারি-ওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেব্রিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।<br>২। রপ্তানিযোগ্য পণ্য :<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৮। | চিলাহাটি<br>উপজেলা : ডোমার.<br>জেলা : নীলফামারী | চিলাহাটি-হলদিবাড়ী রেল ও সড়ক রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ: ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);<br>(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ১৯। | বুড়িমারী<br>উপজেলা : পাটগ্রাম,<br>জেলা : লালমনিরহাট | বুড়িমারী-চেংড়াবান্ধা সড়ক পথ ও রেল রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ: ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);<br>(খ) ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটা-রিওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেবিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২০। | সোনাহাট<br>উপজেলা: ভূরুঙ্গামারি,<br>জেলা : কুড়িগ্রাম | সোনাহাট-গোলকগঞ্জ ধুবরি রোড সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>পাথর, কয়লা, তাজা ফল, ভুট্টা, গম, চাল, ডাল, রসুন, আদা ও পেঁয়াজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২১। | রৌমারী<br>উপজেলা : রৌমারী,<br>জেলা : কুড়িগ্রাম | তুরা-রৌমারী এবং রৌমারী-মানকাচর রোড নদী পারাপার নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২২। | চিলমারী<br>উপজেলা : চিলমারী,<br>জেলা : কুড়িগ্রাম | ধুবড়ি (আসাম)-নুনখাওয়া-চিলমারি নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখঃ ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সুতা ও আলু ব্যতীত সকল পণ্য;<br>(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২৩। | নুনখাওয়া<br>উপজেলা: ভুরুঙ্গামারি,<br>জেলা : কুড়িগ্রাম | ধুবরি-নুনখাওয়া নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখঃ ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সুতা ও আলু ব্যতীত সকল পণ্য;<br>(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২৪। | আরিচা ঘাট<br>উপজেলা : শিবালয়,<br>জেলা : মানিকগঞ্জ | ধুবড়ী-নুনখাওয়া-চিলমারী-আরিচা নৌ রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ: ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য ( সুতা ও আলু ব্যতীত);<br>(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২৫। | ধানুয়া কামালপুর<br>উপজেলা : বকশিগঞ্জ<br>জেলা : জামালপুর | গারো পাহাড়ে প্রবিষ্ট শ্রীবর্দি-কামালপুর সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, কাঁচা সুপারি, চাল, শুঁটকি মাছ, তেঁতুল, বাঁশ, পান, মসুর ডাল, ভুট্টা, গমের ভুসি, তেজপাতা, হলুদ, গোরমরিচ, টমেটো, শুকনা কুল ও জিরা।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২৬। | নাকুগাঁও<br>উপজেলা :<br>নলিতাবাড়ি,<br>জেলা : শেরপুর | নাকুগাঁও-ডালু সড়ক পথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ: ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সুতা ও আলু ব্যতীত সকল পণ্য;<br>(খ) গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২৭। | গোবরাকুড়া<br>উপজেলা: হালুয়াঘাট,<br>জেলা : ময়মনসিংহ | গোবরাকুড়া (বাংলাদেশ) হইতে গান্দিবর, গাছুয়াপাড়া (ভারত) সড়কপথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফুল ঝাড়ু, ডাব, হলুদ, কাজু বাদাম, তেঁতুল, তিল, সরিষা ভুসি ও চাউলের কুড়া।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২৮। | কড়ইতলী<br>উপজেলা: হালুয়াঘাট,<br>জেলা : ময়মনসিংহ | কড়ইতলী (বাংলাদেশ) হইতে গান্দিবর, গাছুয়াপাড়া (ভারত) সড়কপথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, ফুল ঝাড়ু, ডাব, হলুদ, কাজু বাদাম, তেঁতুল, তিল, সরিষা ভুসি ও চাউলের কুড়া।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ২৯। | বড়ছড়া<br>উপজেলা: তাহিরপুর,<br>জেলা : সুনামগঞ্জ | (ক) বরছড়া (বাংলাদেশ) হইতে বরছড়া (ভারত) সড়কপথ;<br>(খ) বাগলী (বাংলাদেশ) বাগলী (ভারত);<br>(গ) চারাগাও (বাংলাদেশ)- চারাগাও (ভারত) | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩০। | ছাতক<br>উপজেলা : ছাতক,<br>জেলা : সুনামগঞ্জ | (ক) আসাম বেঙ্গল সিমেন্ট কারখানা হইতে রশি পথ ছাতক হইতে খাসিয়া এবং জৈন্তা পাহাড়ের পাথর ডিপো; | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | (খ) ছাতক হইতে কুমড়া (ভারত) নদী পথ ভায়া কোম্পানীগঞ্জ, ধোলাই নদী এবং পিয়াইন নদী;<br>(গ) সুনামগঞ্জ, ধোলাই এবং জাদুকাটা নদী পথ হইয়া ছাতক হইতে বরছড়া (ভারত);<br>(ঘ) দারোগা খেল এবং সোনাই নদী পথে ছাতক হইতে আসাম রুট | |
| ৩১। | নোয়ারাই<br>উপজেলা: ছাতক<br>জেলা : সুনামগঞ্জ | সীমান্ত পিলার থেকে লাফার্জ সুরমা সিমেন্ট লিঃ নোয়ারাই, ছাতক, সুনামগঞ্জ-এর Long conveyor Belt (দূরত্ব ১০ কিলোমিটার এবং প্রস্থ ২০ মিটার। বাংলাদেশ-ভারত সীমানা পিলার পশ্চিমে ১২৩৮-৯ এস এবং পূর্বে ১২৩৮-১০ এস) | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>লাফার্জ সুরমা সিমেন্ট কারখানা কর্তৃক কাঁচামাল হিসেব আমদানীয় (১) Limestone (২) siltone (৩) Shale |
| ৩২। | চেলা<br>উপজেলা : ছাতক<br>জেলা : সুনামগঞ্জ | চেলা (বাংলাদেশ)-শেলাবাজার (ভারত) নদী পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩৩। | ইছামতি<br>উপজেলা : ছাতক<br>জেলা : সুনামগঞ্জ | ইছামতি (বাংলাদেশ)-(ইছামতি-ভারত) নদীপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩৪। | ভোলাগঞ্জ<br>উপজেলা: কোম্পানীগঞ্জ<br>জেলা : সিলেট | ভোলাগঞ্জ (বাংলাদেশ) হইতে ভোলাগঞ্জ (ভারত) সড়ক | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩৫। | তামাবিল<br>উপজেলা: গোয়াইনঘাট<br>জেলা : সিলেট | তামাবিল-ডাউকি সড়কপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ: ২৪-০৫-১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সুতা ও আলু ব্যতীত সকল পণ্য।<br>(খ) মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল ও গবাদি পশু।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩৬। | জকিগঞ্জ<br>উপজেলা : জকিগঞ্জ<br>জেলা : সিলেট | জকিগঞ্জ-করিমগঞ্জ (কুশিয়ারা নদী পারাপার রুট) | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, রাবাবের স্যান্ডেল, শুঁটকি মাছ ও তাজা ফুল।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩৭। | শেওলা<br>উপজেলা: বিয়ানিবাজার<br>জেলা : সিলেট | শেওলা-সুতারকান্দি সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ, তাজাফুল, মোটর সাইকেলের যন্ত্রাংশ (টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ), গামের্ন্টস সামগ্রী, ওয়েল্ডিং রড ও শুঁটকি মাছ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩৮। | বেতুলী (ফুলতলা)<br>উপজেলা : মৌলভীবাজার সদর,<br>জেলা : মৌলভীবাজার | বেতুলী-রাগনাবাজার সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৩৯। | চাতলা পুর<br>উপজেলা : কুলাউড়া<br>জেলা : মৌলভীবাজার | চাতলাপুর-মনু, কৈলা শহর সড়ক ও নৌপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, কোয়ার্টজ ও শুঁটকি।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪০। | বাল্লা<br>উপজেলা : চুনারুঘাট<br>জেলা : হবিগঞ্জ | বাল্লা-খোয়াই সড়ক ও নৌপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪১। | আশুগঞ্জ<br>উপজেলা : আশুগঞ্জ<br>জেলা : ব্রাহ্মণবাড়িয়া | নৌ ও রেল রুট | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>মাছ, সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29) ব্যতীত কেবল নিম্নবর্ণিত শ্রেণির আমদানিতব্য পণ্য, যথা :—<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪২। | আখাউড়া<br>উপজেলা : আখাউড়া<br>জেলা : ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া-আগরতলা রোড সড়ক পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ, শুঁটকি মাছ, সাতকরা, আগরবাতি, জিরা, রাবার (Raw), মেইজ, Stone boulder, সয়াবিন বীজ, Bamboo Products, Arjun Flower (Broom), পান, CNG Spare parts, কাজু বাদাম, কাগজ, চিনি, জেনারেটর, ভাঙ্গা কাঁচ, চকোলেট, বেবি ওয়াইপার, কনফেকশনারি দ্রব্যাদি ও বিটুমিন।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪৩। | বিবির বাজার<br>উপজেলা : কুমিল্লা সদর,<br>জেলা : কুমিল্লা | কুমিল্লা/দাউদকান্দি - সোনামুড়া সড়ক ও নৌ রুট | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, চাল, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ, পান, CNG Spare parts, শুঁটকি মাছ, কাঁচা চামড়া, বিভিন্ন প্রকার মসলা, জিরা, ভুট্টা, সাতকরা, আগরবাতি, Arjun Flower |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | | (Broom), কাজু বাদাম, কাগজ, চিনি, জেনারেটর, ভাঙ্গা কাঁচ, চকোলেট, বেবি ওয়াইপার, কনফেকশনারি দ্রব্যাদি ও বিটুমিন।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪৪। | বিলোনিয়া<br>উপজেলা : পরশুরাম<br>জেলা : ফেনী | বিলোনিয়া (বাংলাদেশ)-বিলোনিয়া (ভারত) সড়কপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪৫। | রামগড়<br>উপজেলা : রামগড়<br>জেলা : খাগড়াছড়ি | সাবরূম-রামগড় সড়কপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪৬। | তেগামুখ<br>উপজেলা : বরকল<br>জেলা : রাঙ্গামাটি | লুসাই পাহাড়ে প্রবিষ্ট কর্ণফুলী নদী নৌপথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪৭। | কক্সবাজার<br>উপজেলা: কক্সবাজার<br>জেলা : কক্সবাজার | (ক) স্থল রুট—<br>(অ) আরাকান রোড হইতে মিয়ানমার সীমান্ত পর্যন্ত<br>(আ) কক্সবাজার হইতে আরাকান রোড-চিটাগাং হইতে কুর্মিটোলা বিমানবন্দর, ঢাকা;<br>(খ) বিমান রুট-কক্সবাজার-চট্টগ্রাম বিমানবন্দর এবং চট্টগ্রাম হইতে কুর্মিটোলা বিমান বন্দর, ঢাকা;<br>(গ) জল পথ-বাকখালি এবং মহেশখালি চ্যানেল, বঙ্গোপসাগর, চট্টগ্রাম বন্দর পর্যন্ত কর্ণফুলি নদী পথে | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে ও কোয়ার্টজ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৪৮। | টেকনাফ<br>উপজেলা : টেকনাফ<br>জেলা : কক্সবাজার | টেকনাফ-মংডু নদী পথ | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>১। সুতা, গুঁড়া দুধ, চিনি ও আলু (HS Code 0701.90.19 ও 0701,90.29) ব্যতীত সকল প্রকার আমদানিতব্য মালামাল।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪৯। | নারায়ণগঞ্জ<br>উপজেলা : ফতুল্লা,<br>জেলা : নারায়ণগঞ্জ | (ক) কোলকাতা-হলদিয়া-রায়মঙ্গল-খুলনা-বরিশাল-নারায়ণগঞ্জ নৌ রুট<br>(খ) ধুবড়ি-চিলমারী আরিচা-নারায়ণগঞ্জ নৌ রুট | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>গবাদি পশু, মাছের পোনা, তাজা ফলমূল, গাছগাছড়া, বীজ, গম, পাথর (Stones and boulders), কয়লা, রাসায়নিক সার, চায়না ক্লে, কাঠ, টিম্বার, চুনাপাথর, পেঁয়াজ, মরিচ, রসুন, আদা, বলক্লে, ও কোয়ার্টজ, ফ্লাই অ্যাশ, প্লাগ, জিমসাম, ক্লিংকার ও স্ল্যাগ ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |
| ৫০। | মুক্তারপুর (সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ)<br>উপজেলা : মুন্সীগঞ্জ সদর,<br>জেলা : মুন্সীগঞ্জ | (ক) কোলকাতা-হলদিয়া-রায়মঙ্গল-খুলনা-বরিশাল-মুক্তারপুর নৌ-রুট<br>(খ) চট্টগ্রাম/ মোংলা বন্দর-মুক্তারপুর নৌ রুট | ১। **আমদানিযোগ্য পণ্য :**<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং ১৪৭/২০১৮/কাস্টমস/ ১৫০, তারিখ : ১০-০৪-২০১৮ খ্রিঃ এর আলোকে আমদানীয় কন্টেই নারজাত পণ্যসমূহ।<br>(খ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ৬৯/ ২০২০/ কাস্টমস/ ২৬২, তারিখ : ২৫-১১-২০২০ খ্রিঃ আলোকে আমদানীয় নন-কন্টেইনারজাত বাল্ক ও ব্রেক বাল্ক পণ্যসমূহ।<br>২। **রপ্তানিযোগ্য পণ্য :**<br>সকল পণ্য। |

## তফসিল-২

## প্রকল্প বা প্রতিষ্ঠানভিত্তিক কাস্টমস স্টেশন

| ক্রমিক নং | স্থানসমূহ | স্থলপথ/জলপথ | পণ্যের তালিকা (আমদানি বা রপ্তানিতব্য) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র<br>উপজেলা : ঈশ্বরদী<br>জেলা : পাবনা | সড়কপথ, নৌপথ ও রেলপথ | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের জন্য আমদানীয় যন্ত্রপাতি, সাজসরঞ্জাম-সহ প্রকল্পের জন্য সকল প্রকার পণ্য।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, সাজসরঞ্জাম-সহ প্রকল্পের যে কোনো পণ্য বা পদার্থ। |
| ২। | রামপাল<br>উপজেলা : রামপাল<br>জেলা : বাগেরহাট | নৌ রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>রামপাল বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের জন্য আমাদানীয় যন্ত্রপাতি, সাজসরঞ্জামসহ প্রকল্পের জন্য সকল প্রকার পণ্য।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>রামপাল বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, সাজসরঞ্জামসহ প্রকল্পের সকল প্রকার পণ্য। |
| ৩। | মেসার্স প্রিমিয়ার এলপি গ্যাস লিঃ এর জেটি ও প্লান্ট এলাকা<br>উপজেলা : কুমিরা<br>জেলা : চট্টগ্রাম | বঙ্গোপসাগর হতে নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>লিকুইডিফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>কোনো পণ্য রপ্তানি করা যাইবে না। |
| ৪। | বিএম এনার্জি লিঃ এর জেটি ও প্লান্ট এলাকা<br>উপজেলা : সীতাকুন্ড<br>জেলা : চট্টগ্রাম | বঙ্গোপসাগর হতে নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>লিকুইডিফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>কোনো পণ্য রপ্তানি করা যাইবে না। |
| ৫। | জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিঃ এর জেটি ও প্লান্ট এলাকা<br>উপজেলা : সীতাকুন্ড<br>জেলা : চট্টগ্রাম | বঙ্গোপসাগর হতে নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :**<br>লিকুইডিফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)।<br>**২। রপ্তানিযোগ্য পণ্য :**<br>কোনো পণ্য রপ্তানি করা যাইবে না। |

| ক্রমিক নং | স্থানসমূহ | স্থলপথ/জলপথ | পণ্যের তালিকা (আমদানি বা রপ্তানিতব্য |
|---|---|---|---|
| ৬। | ইউনিটেক্স এলপি গ্যাস লিঃ (ইউনিগ্যাস) এর জেটি ও প্লান্ট এলাকা উপজেলা : সীতাকুন্ড জেলা : চট্টগ্রাম | বঙ্গোপসাগর হতে নৌ-রুট | **১। আমদানিযোগ্য পণ্য :** লিকুইডিফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)। **২। রপ্তানিযোগ্য পণ্য :** কোনো পণ্য রপ্তানি করা যাইবে না। |
| ৭। | মাতারবাড়ী, কক্সবাজার উপজেলাঃ মহেশখালী, জেলা : কক্সবাজার | নৌপথ | **১। আমদানিযোগ্য পণ্য :** মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের জন্য আমাদানীয় যন্ত্রপাতি, সাজসরঞ্জামসহ প্রকল্পের জন্য সকল প্রকার পণ্য। **২। রপ্তানিযোগ্য পণ্য :** মাতারবাড়ি বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, সাজসরঞ্জামসহ প্রকল্পের যে কোনো পণ্য বা পদার্থ। |

২। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২৩ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-২৩৭-আইন/২০১৮/৩৯/শুল্ক এতদ্দ্বারা রহিত করা হইল

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ ও বিভাগ, অর্থ মন্ত্রণালয়
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd